

ইরাণ ! ইরাণ ।

শৌর্য্যে সাহসে, বীর্য্যে বিভবে চিরদিন মহিয়ান ।
হেথা জামশেদ, বাহরাম, আর রুস্তম, সোহরাব
সারা বিশ্বের বিস্ময় হয়ে রয়েছে । আবির্ভাব
হয়েছে ওমর খৈয়াম, সাদী, ফিরদৌসী, রুমী, জামী,
সাধক হাফিজ ! যার সাকী সুরা রূপ ধরি এল নামি'
আল্লাহর প্রেম সুরা ধারা । আর সুন্দর মন প্রাণ
আর সব চেয়ে বড় কথা সেথা মানুষ যে মহীয়ান ।
যেথা নিশাপুর ! স্বপ্নের দেশ, নেশা জাগে চোখে, মন
অভিসার করে সে পুত ভূমিতে কবে কোন্ শুভক্ষণ
নিয়ে যাবে সেথা, চোখের মনের তৃষা মিটিবে আর
কবি ও শিল্পী সাধক জনের নাম শুনে বার বার
আকুল বাসনা পূর্ণ করিয়া সে দেশের ধূলি মাখি
হেরিবে নয়ন শোভা অতুলন, চির যৌবনা সাকী ।

চলে মহাকাল রুদ্র দাপটে, চলে তার ভাঙ্গা গড়া
ইরাণ ! তোমার প্রাণের পাত্র আজও সুরা রসে ভরা
যা কিছু জীর্ণ ঝাঝে ঝাঝে তুমি জেগে উঠে ফের
নতুন সৃষ্টি গড়িয়া নিয়াছ হাতে নিয়ে শমশের,
যত বাধা যত বন্ধন আর যত সংগ্রাম আসে
তোমার শিরায় শোণিতের কণা নেচে ওঠে উল্লাসে ।
শঙ্কা বিহীন লক্ষ পরাণে দেশের মাটির তরে
জাগে প্রেম, জাগে মুক্তির গান কণ্ঠ হৃদয় ভরে
এক হয়ে আসে মাতা ও বনিতা, দুহিতা, ভগিনী, পিতা,
আর আগে আসে অগ্রনায়ক সবার মনের মিতা !
সে শাহে ইরাণ । পুরুষ সিংহ । নির্ভীক চেতা বীর
লৌহ মানব, শত সংঘাতে উন্নত য়ার শির ।

ইরাণ দেশের মৃত্তিকা মাতা তাঁর সে স্নগস্তান
গিরি সম উঁচু সিঙ্কুর মতো উদার সে মহাপ্রাণ !
বিলাস বিভবে পরওয়া করে না, সর্বহারার তরে
বিলায়ে আপন বিত্ত, চিত্ত তৃপ্তিতে নেয় ভরে ।
শত্রুকে করে মিত্র আপন ক্ষমা স্নন্দর চোখে
মোসাদ্দেকের মার্জনা তাঁর বন্দিত লোকে লোকে ।

শাহানশাহের এ শান, গরিমা আপ্নুত করি প্রাণ
সকল মানব কণ্ঠে কণ্ঠে ওঠে বন্দনা গান ।
গুলে লালা, আর নারগিস ফুল তাঁর চলা পথে ঝরে
লাখে বুলবুল কণ্ঠে তাঁহার গুণ গাথা ওঠে ভরে ।
ইরাণের মাটি আকাশ, বাতাস, ইরাণের আলো বায়ু
গৌরবে হেসে বুকে করে যেন বাড়াইয়া দেয় আয়ু ।
দেখিনি ইরাণ, দেখিয়াছি এই ইরাণী শাহের মুখ
ললাটে যাঁহার ভাস্কর জ্যোতি, মৃদু স্মিত হাসি মুখ,
প্রতি পদক্ষেপ দৃঢ় অ-নমিত, বিভাসিত মহিমায়
জলদমন্ড্র কণ্ঠের বাণী, ডেকে আনে একতায়,
সাম্য ঐক্য সাধনায় ভরা জীবনের দিন তাঁর
প্রতি দিন দেয় বিশ্ব জনেরে নব নব সম্ভার ।
ভীরু ভীত জন, অসহায় যত চাহি তাঁর মুখ পানে
সব শঙ্কারে দূর করি দিয়া নব বল আনে প্রাণে,
সাহসী সে বীর ! সিপাহ্ সালার ! বাদশা সে শুধু নহে
সে মানুষ, তার দরদী যে দিল, সবার ব্যথায দহে ।
শুধু ইরাণের শাহ বলি নহে, মানবতা হেরি তার,
মুগ্ধ হৃদয়ে জানাই সালাম ! তসলিম ! বার বার ।
নওশেরওয়ান আদিল ইনসাফে পুণ্য ইরাণ ভূমি
আরও মহিয়ান করেছ ইরাণে হে শাহানশাহ তুমি ।